website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় ঢাকা ।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০২

১৩ মার্চ, ২০১৭ তারিখ ঃ------২৯ ফাল্পন, ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী বাংলাদেশে কার্যরত সব তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

## ঋণের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে ০৪ নভেম্বর, ২০১০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩ এবং ০৮ মার্চ, ২০১৬ তারিখের সার্কুলার নং-০৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বিআরপিডি সার্কুলার নং-০৪/২০১৬ এর মাধ্যমে পরিপালনের জন্য নতুনভাবে সংশোধিত Credit Risk Management Guidelines জারী করা হয়। জারিকৃত উক্ত গাইডলাইসের 1.5(III) অনুচ্ছেদে ব্যাংকগুলোকে সামগ্রিক ঋণ ঝুঁকি বিবেচনায় পরিচালনা পর্যদের অনুমোদনক্রমে ঋণ নীতিমালা (Credit Policy) প্রণয়নের নির্দেশনা প্রদান করা হয়েছে। ব্যাংক কর্তৃক প্রণীত/প্রণীতব্য ঋণ নীতিমালায় ন্যূনতম যে ১৯টি বিষয় অন্তর্ভুক্ত করার নির্দেশনা রয়েছে তন্মধ্যে ১৫তম নির্দেশনা হলো- 'Guidelines on regular monitoring and reporting systems, including borrower follow-up and mechanisms to ensure that loan proceeds are used for the stated purpose;'

তাছাড়া, গাইডলাইন্সের 3.4: Disbursement অনুচ্ছেদে আরও বর্ণিত রয়েছে যে, 'In disbursing the loan, it is imperative that the borrower understand and acknowledge the purpose of the loan. It is also imperative for the bank to design and implement checks, such as the submission of invoices, to ensure that the proceeds are spent on the designated purpose and for no other purpose, and for the borrower to understand and comply with these checks.'

এতদ্প্রেক্ষিতে, ঋণ কার্যক্রম পরিচালনায় উল্লিখিত নির্দেশনা অনুসরণপূর্বক যে উদ্দেশ্যে ঋণ প্রদত্ত হয়েছে/হবে সে উদ্দেশ্যেই ঋণের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে নিয়মিত মনিটরিং করার জন্য আপনাদের পরামর্শ প্রদান করা যাচ্ছে। এতদ্ব্যতীত গাইডলাইঙ্গে বর্ণিত অন্যান্য সকল নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

আপনাদের বিশ্বস্ত.

(আবু ফরাহ মোঃ নাছের ) মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২